গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০০৩.০১.০০১.২০২৩- ৪২৭ তারিখঃ২৬/১২/২০২৩ খ্রিঃ

**বিষয়: SPFMS কর্মসূচি (Component-8; Pension Management & Financial Reporting) ও Program Implementation Team (PIT) এর সদস্যগণের সমন্বয়ে আয়োজিত সভার কার্যবিবরণী।**

হিসাব ব্যবস্থাপনায় সুশাসন প্রতিষ্ঠা এবং সরকারের আর্থিক ব্যয়ের যথার্থতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সিজিএ মহোদয়ের সভাপতিত্বে SPFMS কর্মসূচি এবং PIT এর সদস্যগণের সমন্বয়ে গত ১৯/১২/২০২৩ খ্রি: তারিখে সিজিএ কার্যালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৪৮১) একটি সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী 'ক' তে প্রদর্শন করা হলো। সভার শুরুতে সভাপতি মহোদয় পূর্ববর্তী PIT সভার (১০/১০/২৩ খ্রি.) অগ্রগতি বিষয়ে অবহিতকরণ এবং পর্যালোচনার জন্য নির্দেশনা প্রদান করেন। সে আলোকে পূর্ববর্তী PIT মিটিং এর আলোচ্যসূচি, সিদ্ধান্ত এবং অগ্রগতি নিয়ে আলোচনা শুরু করা হয়। অতি. হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব) জনাব মোঃ কবির হোসেন, সিপিএফএ উক্ত সভায় সঞ্চালকের ভূমিকা পালন করেন।

**PIT এর সদস্যগণের সমন্বয়ে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ে অবহিতকরণ এবং পর্যালোচনা:**

## Procurement and Training Plan:

(ক) ২০২৩-২০২৪ অর্থবছরের ক্রয় পরিকল্পনা পর্যালোচনা:

PIT এর সদস্যগণের সমন্বয়ে অনুষ্ঠিত বিগত সভায় অত্যাবশ্যকীয় পণ্যসমূহের ক্রয় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত প্রেক্ষিতে অগ্রগতি প্রসঙ্গে SPFMS কর্মসূচির পেনশন ম্যানেজমেন্ট ও ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্কীমের পিইসি জনাব তনিমা তাসনিম জানান যে, পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক ক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এ প্রসঙ্গে পেনশন কম্পোনেন্টের সিনিয়র কনসালটেন্ট জনাব জাহাঙ্গীর আলম রানা এবং কনসালটেন্ট জনাব মোঃ হাসান নাজমুল কবির জানান যে, সিজিএ কার্যালয় হতে চাহিত ক্রয়কার্য সম্পাদনে আইটেম অনুয়ায়ী স্পেসিফিকেশন নির্ধারণে সিজিএ কার্যালয়ের সহযোগিতা প্রয়োজন।

**সিদ্ধান্তঃ** অতি: সিজিএ হিসাবের নেতৃত্বে উক্ত চাহিদা প্রেরণের সাথে সংশ্লিষ্ট সিজিএ কার্যালয়ের প্রতিনিধি, সিএএফও পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এবং SPFMS কর্মসূচির সংশ্লিষ্ট কনসালটেন্টগণকে একত্রে আলোচনার মাধ্যমে আইটেমসমূহের স্পেসিফিকেশন এবং ব্যবহারযোগ্যতা নির্ধারণ করে বিষয়টি সমাধান করার বিষয়ে সিজিএ মহোদয় নির্দেশনা প্রদান করেন।

[কার্যক্রমঃ সিজিএ এবং SPFMS কর্মসূচি]

খ) ২০২৩-২০২৪ অর্থবছরের প্রশিক্ষণ পরিকল্পনা পর্যালোচনা:
বার্ষিক পরিকল্পনা মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার বিষয়ে SPFMS কর্মসূচির পেনশন কম্পোনেন্টের পিইসি জনাব তনিমা তাসনিম জানান যে, বার্ষিক পরিকল্পনা মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

## আলোচনা ২: Financial Reporting:

ক) Government Finance Statistics (GFS):

**অগ্রগতি:** SPFMS কর্মসূচীর GFS বিষয়ক কনসালটেন্ট জনাব তানভির আক্তার হোসেন খান জানান যে, খসড়া "GFS Compilation Handbook" টিতে ইতোমধ্যে IMF Advisor এর বিভিন্ন নির্দেশনা অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে হ্যান্ডবুকটি চূড়ান্তকরণের পূর্বে User end-এর মতামত গ্রহণের লক্ষ্যে SPFMS কর্মসূচী কর্তৃক খুব শীঘ্রই একটি Workshop এর আয়োজন করা হবে। এছাড়াও প্রযুক্তি স্থানান্তরের অংশ হিসেবে ইতোমধ্যে iBAS++ এর মাধ্যমে

স্বয়ংক্রিয়ভাবে GFS এর বিভিন্ন স্টেটমেন্ট প্রস্তুত করা হচ্ছে এবং সিজিএ কোর টিম কে এই ব্যাপারে সম্যক ধারণা প্রদান করা হয়েছে। একই সাথে GFS ডেটা IMF এ নিয়মিত প্রেরণ এবং ডেটার মান নিয়ন্ত্রণের জন্য একটি GFS Working Group গঠনের প্রক্রিয়া অর্থমন্ত্রণালয়ে চলমান রয়েছে। উল্লেখ্য যে, IMF SARTTAC এর আওতায় ইতোমধ্যে GFS, GFS Intermediate, GFS Advanced এবং Introduction to COFOG বিষয়ক যথাক্রমে ৪ টি ব্যাচে মোট ৬৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

খ) উপযোজন হিসাব (ডাক):

**সিদ্ধান্ত:** আগামী ২৬/০৯/২৩ খ্রি: তারিখের মধ্যে SPFMS কর্মসূচি হতে উপযোজন হিসাব (ডাক) এর খসড়া ফরম্যাট সংশোধনসহ বাংলায় অনুবাদ করে সিজিএ কার্যালয়ে উপস্থাপন করতে হবে।

[কার্যক্রমঃ SPFMS কর্মসূচি]

**অগ্রগতি:** SPFMS কর্মসূচীর সিনিয়র কনসালটেন্ট জনাব তানভির আক্তার হোসেন খান জানান যে, গত ১০/১০/২০২৩ খ্রি: তারিখে উপযোজন হিসাব (বাংলাদেশ পোস্ট অফিস) প্রফোরমা হিসাবসহ (নতুন কাঠামো)- এর বাংলা অনুবাদ উপস্থাপন করা হয়েছে। এ সম্পর্কে জনাব মোহাম্মাদ কবির হোসেন , সিপিএফএ, অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি) জানান, প্রাপ্ত ফরম্যাটটি আগামী ২ (দুই) কর্মদিবসের মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সিজিএ কার্যালয় থেকে সিএজি কার্যালয়ে প্রেরণ করা হবে।

গ) উপযোজন হিসাব (রেলওয়ে):

**সিদ্ধান্ত:** আগামী ১ মাসের মধ্যে উপযোজন হিসাব (রেলওয়ে) এর নতুন ফরম্যাট চূড়ান্ত করতে হবে।

[কার্যক্রমঃ SPFMS কর্মসূচি] ।

**অগ্রগতি:** সভায় জানানো হয় যে, গত ৫/১১/২০২৩ খ্রিঃ তারিখে উপযোজন হিসাব (বাংলাদেশ রেলওয়ে) বানিজ্যিক হিসাবসহ এর নতুন ফরম্যাট (বাংলা ও ইংরেজি) উপস্থাপন করা হয়েছে।

ঘ) উপযোজন হিসাব (প্রতিরক্ষা ):

**সিদ্ধান্ত:** এতদবিষয়ে SPFMS কর্মসূচি কর্তৃক আইটি সাপোর্ট এর ব্যবস্থা গ্রহণ করতে হবে [কার্যক্রমঃ SPFMS কর্মসূচি]

**অগ্রগতি:** উপযোজন হিসাব (প্রতিরক্ষা) এর নতুন ফরম্যাটের আইটি সংক্রান্ত জটিলতা ইতোমধ্যে সমাধান করা হয়েছে। সভায় উপিস্থিত জনাব নাজমুল হাসান, ডিসিজিডিএফ জানান যে, অর্থবছর ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ এর ব্যাখ্যা সিজিডিএফ কর্তৃপক্ষ কর্তৃক ইতোমধ্যে সিস্টেমে লিপিবদ্ধ করা হয়েছে এবং ব্যাখ্যার সমর্থনে প্রয়োজনীয় প্রমাণক সংগ্রহের জন্য তারা সংশ্লিষ্ট পে-পয়েন্টের সাথে যোগাযোগ করছে।

ঙ) উপযোজন ও আর্থিক হিসাব (সিভিল):

**অগ্রগতি**: সভায় অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি) জানান যে, কিছু জার্নাল সমাপণান্তে আগামী ২ (দুই) কর্মদিবসের মধ্যে আর্থিক হিসাব চূড়ান্তকরণ সম্ভবপর হবে, যা IPSAS Cash এর অনুচ্ছেদ ১.৪.৪ এর Timeliness সংক্রান্ত Requirement টি Compliant করবে। এছাড়াও নির্ধারিত সময়ের মধ্যেই অর্থবছর ২০২২-২০২৩ এর উপযোজন হিসাব (সিভিল) চূড়ান্ত করে উপযোজন হিসাব (সিভিল) ও আর্থিক হিসাব সিএজি কার্যালয়ে প্রেরণ করা হবে।

[কার্যক্রমঃ সিজিএ]

## Finance Accounts Compilation Manual:

বিগত সভার শীঘ্রই উক্ত ম্যানুয়াল প্রস্তুত করে সিজিএ কার্যালয়ে প্রেরণ করতে হবে সিদ্ধান্তের প্রেক্ষিতে অগ্রগতি প্রসঙ্গে SPFMS কর্মসূচীর সিনিয়র কনসালটেন্ট জনাব তানভির আক্তার হোসেন খান জানান যে, Finance Account Compilation Manual এর কাজ চলমান রয়েছে এবং আগামী ২০/০১/২০২৪ খ্রি: তারিখের মধ্যে উক্ত ম্যানুয়ালের প্রথম খসড়া প্রস্তুত করে সিজিএ কার্যালয়ে উপস্থাপন করা হবে।

## GPF and Pension Manual:

**সিদ্ধান্ত:** পেনশন ও জিপিএফ ম্যানুয়াল চূড়ান্ত করে শীঘ্রই সিজিএ কার্যালয়ে প্রেরণ সংক্রান্ত বিষয়ে অগ্রগতি সম্পর্কে অবহিত করা হয় যে, ইতোপূর্বে উক্ত কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত সিনিয়র কনসালটেন্টগনের নিকট হতে আনুষ্ঠানিকভাবে সংগ্রহ করার প্রক্রিয়া চলমান।

**পূর্ববর্তী সভার অগ্রগতি সম্পর্কিত আলোচনা সমাপনান্তে সভার নির্ধারিত আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা শুরু হয়। সভার বিস্তারিত আলোচনা নিম্নরুপ:**

### আলোচনা ১: Pensioner Life Verification Application রক্ষণাবেক্ষণ ও IOS APPS Store আপলোড:

SPFMS কর্মসূচির পেনশন কম্পোনেন্টের পক্ষ থেকে জনাব মোঃ হাসান নাজমুল কবির, কনসালটেন্ট (পেনশন ম্যানেজমেন্ট) জানান যে , গত ১৯ নভেম্বর, ২০২৩ তারিখে পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং স্কিমের পিইসি জনাব তনিমা তাসমিন এর সভাপতিত্বে এ সংক্রান্ত একটি সভা আয়োজন করা হয়। Pensioner Verification Apps টি এখন Android Operating System এর Play Store এ সহজলভ্য থাকলেও iPhone Operating System (IOS) এর App Store এ আপলোড করা হয় নি বিধায় iPhone ব্যবহারকারীরা App ব্যবহার করতে পারছেন না। পাশাপাশি তিনি এ এ্যাপের Maintenance বিষয়ে গুরুত্ব আরোপ করেন। IOS এর App Store এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় মর্মে সিজিএ মহোদয়কে অবহিত করা হয়:

- iPhone Operating System (IOS) এর App Store এ Pensioner Verification App আপলোড করা সংক্রান্ত
- সাবডোমেইন তৈরি করা সংক্রান্ত
- Developer License ক্রয় সংক্রান্ত
- IOS এর App Store এ পৃথক একাউন্ট তৈরির ক্ষেত্রে ব্যবহৃত ই-মেইল সংক্রান্ত
- Apple Computer (MacBook) ক্রয় করা সংক্রান্ত
- Pensioner Verification Apps রক্ষণাবেক্ষণ (Maintenance) সংক্রান্ত

উক্ত সভায় IOS ভার্সন আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে জনাব মোঃ হাসান নাজমুল কবির, কনসালটেন্ট (পেনশন ম্যানেজমেন্ট) আরও জানান উক্ত মিটিং এ iPhone Operating System (IOS) এর App Store এ Pensioner Verification Apps টি আপলোড করার জন্য একটি Apple Developer Program Account তৈরি করার বিষয়ে সুপারিশ করা হয় এবং সে আলোকে IOS এর App Store এ একাউন্ট তৈরির জন্য Android Operating System এর Play Store এ এপটি আপলোড করার জন্য ব্যবহৃত ই-মেইল আইডি-ই (pfmcafo@gmail.com) ব্যবহার করা যেতে পারে মর্মে আলোচনা করা হয়। Pensioner Verification Apps টি রক্ষণাবেক্ষণ (Maintenance) এর জন্য প্রতিষ্ঠান নিয়োগ/পেনশন কম্পোনেন্ট এর আসন্ন নিয়োগযোগ্য নতুন আইটি কনসালটেন্টকে প্রশিক্ষিত করে দায়িত্ব প্রদান করা যেতে পারে।

**সিদ্ধান্ত**: পেনশনার লাইভ ভেরিফিকেশন APPS রক্ষণাবেক্ষন এবং IOS APPS Store এ আপলোড করার বিষয়ে করনীয় নির্ধারণে CAFO Pension & Fund Management, Add CGA Accounts এবং SPFMS এর পেনশন কম্পোনেন্ট এর কনসালটেন্টগণ আলোচনাপূর্বক ব্যবস্থা গ্রহণ করবেন। পাশাপাশি এ এ্যাপটি উদ্বোধন এর বিষয়ে পরবর্তী কার্যক্রম নির্ধারণ করতে PEC Pension-SPFMS মহোদয়কে নির্দেশনা প্রদান করা হয়।

[কার্যক্রমঃ সিজিএ, সিএএফও পেনশন এবং SPFMS কর্মসূচি]

**আলোচনা ২: উপযোজন হিসাব (বাংলাদেশ রেলওয়ে) এর ফরম্যাট সংক্রান্ত:**

SPFMS কর্মসূচির সিনিয়র কনসালটেন্ট জনাব তানভির আক্তার হোসেন খান সভায় অবহিত করেন। গত ৫/১১/২০২৩ খ্রিঃ তারিখে উপযোজন হিসাব (বাংলাদেশ রেলওয়ে) বানিজ্যিক হিসাবসহ এর নতুন ফরম্যাট (বাংলা ও ইংরেজি) উপস্থাপন করা হয়েছে।

**সিদ্ধান্ত:** সিএজি কার্যালয়ে প্রেরণ সংক্রান্ত চিঠিটির একটি কপি অতি: সিজিএ (হিসাব ও পদ্ধতি) বরাবর প্রেরণ করার জন্য সভায় উপস্থিত এডিজি ফিন্যান্স (বাংলাদেশ রেলওয়ে) হতে আগত প্রতিনিধিকে অনুরোধ করা হয়।

**আলোচনা ৩: শূন্যপদে জনবল নিয়োগ:**

SPFMS কর্মসূচির পেনশন কম্পোনেন্টের পিইসি জনাব তনিমা তাসনিম জানান যে, বর্তমানে এ স্কিমের ৯ টি ক্যাটগরিতে ১৪ টি পদের নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এ সপ্তাহের মধ্যে নেগোশিয়েশনের জন্য আহবান করা হবে। প্রসঙ্গক্রমে তিনি এ সকল কনসালটেন্টগণের অফিস কক্ষ বরাদ্ধের জন্য সিজিএ মহোদয়ের সহযোগিতার বিষয়টি পুনঃব্যক্ত করেন। জনাব তনিমা তাসনিম আরও উল্লেখ করেন যে, বর্তমানে সিনিয়র কনসালটেন্ট (পেনশন) এবং সিনিয়র কনসালটেন্ট (ফান্ড) পদ দুটি শূন্য। পাশাপাশি কনসালটেন্ট (পেনশন) পদটিও আগামী ১ জানুয়ারি হতে শূন্য হবে। সে বিবেচনায় এ সকল পদে নতুন করে নিয়োগ প্রক্রিয়া শুরু করা প্রয়োজন।

[কার্যক্রমঃ SPFMS কর্মসূচি]

**সিদ্ধান্ত:** সিনিয়র কনসালটেন্ট (পেনশন), সিনিয়র কনসালটেন্ট (ফান্ড) , কনসালটেন্ট (পেনশন) এবং কনসালটেন্ট ( প্রোগ্রামার) পদে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য SPFMS প্রোগ্রামকে ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে অনুরোধ করা হয় ।

[কার্যক্রমঃ SPFMS কর্মসূচি]

**আলোচনা ৪: আর্থিক হিসাব এর কম্পাইলেশন ম্যানুয়াল সংক্রান্ত:** এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:** আগামী ২০/০১/২০২৪ খ্রি: তারিখের মধ্যে উক্ত ম্যানুয়াল প্রস্তুত করে সিজিএ কার্যালয়ে উপস্থাপন করা হবে।

[কার্যক্রমঃ SPFMS কর্মসূচি]

**আলোচনা ৫: চূড়ান্ত পেনশন ও জিপিএফ ম্যানুয়াল দাখিল:**

সিএএফও পেনশনও ফান্ড ম্যানেজমেন্ট জনাব মামুন-উল-মান্নান এ বিষয়ে মতামত প্রদান করেন যে, ম্যানুয়ালসমূহ Dynamic এবং HTML ভার্সন করা প্রয়োজন। এছাড়া সিজিডিএফ এবং রেলওয়ে সার্কেল এর প্রতিনিধিগণ তাঁদের সার্কেল এর জন্য পেনশন ও জিপিএফ ম্যানুয়াল তৈরির বিষয়ে মত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত:** ইতোপূর্বে এ কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত সিনিয়র কনসালটেন্ট (পেনশন) এবং সিনিয়র কনসালটেন্ট (ফান্ড)) এর নিকট হতে উক্ত ম্যানুয়ালসমূহ সংগ্রহপূর্বক এ বিষয়গুলো সন্নিবেশন করে চূড়ান্ত করতে হবে।

[কার্যক্রমঃ SPFMS কর্মসূচি]

**আলোচনা ৬: IPSAS Diploma প্রশিক্ষণ কোর্স আয়োজন সংক্রান্ত:**

SPFMS কর্মসূচির সিনিয়র কনসালটেন্ট জনাব তানভির আক্তার হোসেন খান সভায় অবহিত করেন যে, 'IPSAS Diploma' প্রশিক্ষণ কোর্স আয়োজন করার জন্য SPFMS কর্মসূচী কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ চলমান রয়েছে।

আলোচনায় এ কোর্সের ব্যয়, কতজন এবং কাদেরকে এ প্রশিক্ষণে মনোনয়ন প্রদান করা হবে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:** প্রশিক্ষনার্থী সিলেকশন এর ক্ষেত্রে কর্মতৎপরতা এবং হিসাবায়নের কাজে উৎসাহ আছে এ ধরণের কর্মকর্তাগনকে মনোনয়নের বিষয়ে মত প্রকাশ করা হয়। প্রাথমিক পর্যায়ে ২০ জন কর্মকর্তাকে মনোনয়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

[কার্যক্রমঃ সিজিএ ও SPFMS কর্মসূচি]।

**আলোচনা ৭: Postal & BTCL পেনশনার ইএফটি কাভারেজ :**

SPFMS কর্মসূচির কনসালটেন্ট জনাব মোঃ হাসান নাজমুল কবির জানান যে, ম্যানুয়াল হিসাব অনুয়ায়ী পোস্টাল বিভাগে প্রায় ১৭০০০ হাজার পেনশনার আছে। এর মধ্যে প্রায় ২০০০ পেনশনারকে ইএফটি কাভারেজে আনয়ন করা সম্ভব হয়েছে। এ সকল পেনশনারগন বর্তমানে সিএএফও পোস্টাল হতে ইএফটিতে পেনশন ও ভাতাদি পাচ্ছেন। বর্তমানে প্রায় ৭৩ টি পোস্ট অফিস হতে অবশিষ্ট পেনশনারগণের পেনশন ও ভাতাদি প্রদান করা হচ্ছে। এ সকল পেনশনারগনেকে দুততম সময়ের মধ্যে ইএফটি কাভারেজে আনা এবং সিএএফও ডাকে সকল পেনশনারকে কেন্দ্রীভূত করা প্রয়োজন। প্রয়োজনে কর্মসূচি হতে অতিরিক্ত সার্পোট প্রদানের মাধ্যমে এ গতি বৃদ্ধি করা আবশ্যক। পোস্টাল ডিপার্টমেন্ট, সিএএফও পোস্টাল এবং SPFMS কর্মসূচিকে সম্মিলিতভাবে কর্মপরিকল্পনা নির্ধারণের জন্য সিজিএ মহোদয় নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:** সিজিএ, সিএএফও পোস্টাল, পোস্টাল ডিপার্টমেন্ট এবং SPFMS কর্মসূচি সম্মিলিতভাবে কর্মপরিকল্পনা নির্ধারণপূর্বক Postal & BTCL পেনশনারদের শতভাগ ইএফটি কাভারেজ এর আওতায় আনায়নের জন্য কাজ করবে। প্রয়োজনে SPFMS কর্মসূচি হতে ডেডিকেটেড আইটি সার্পোট প্রদানের ব্যবস্থা করতে হবে।

[কার্যক্রমঃ সিজিএ, সিএএফও ডাক, পোস্টাল ডিপার্টমেন্ট এবং SPFMS কর্মসূচি]

**আলোচনা ৮: Pre-Retirement Phase Automation and Monitoring & Tracking System:**

SPFMS কর্মসূচির পেনশন কম্পোনেন্টের পিইসি জনাব তনিমা তাসনিম জনান যে, এ বিষয়ে সামগ্রিক কর্মকান্ড চিহ্নিতকরনের প্রক্রিয়া চলমান। এ প্রক্রিয়া শেষে অংশীজনের মতামত গ্রহণের জন্য ওয়ার্কশপ আয়োজন করা হবে।

**সিদ্ধান্ত:** বিস্তারিত বিজনেস প্রসেস নির্ধারণপূর্বক একটি কর্মশালা আয়োজন করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে [কার্যকম: SPFMS কর্মসূচি]

**আলোচনা ৯: Thumb Impression based Bio-Matrix Verification:**

পেনশনারের ডিজিটাল পিপিও, ডি-হাফ তৈরির জন্য এবং বিকল্প জীবন প্রমান পদ্ধতি হিসেবে Thumb Impression based Bio-Matrix Verification প্রসেস ডেভলপমেন্ট এর কাজ চলমান আছে বলে উল্লেখ করা হয়। SPFMS কর্মসূচির পক্ষ থেকে জানানো হয় যে, আইবাসে সিস্টেম ডেভলপ করা হয়েছে। বর্তমানে এনআইডি সার্ভার হতে প্রাপ্ত API সন্নিবেশন এর কাজ চলমান রয়েছে এবং দুততম সময়ের মধ্যে এটি বাস্তবায়ন করা সম্ভব হবে।

**সিদ্ধান্ত:** দুততম সময়ের মধ্যে এটি কার্যকর করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

[কার্যক্রম: SPFMS কর্মসূচি]

**আলোচনা ১০: Defence Pensioner Allowances Automation:**

**সিদ্ধান্ত:** সিজিডিএফ কার্যালয়ের সাথে আলোচনাপূর্বক পরবর্তী কার্যক্রম নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

[কার্যক্রম: SPFMS কর্মসূচি]

**আলোচনা ১১: বিবিধ:**

IPSAS বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত:

i) ইতোমধ্যে ৪ টি ব্যাচের মোট ৯৬ জন কর্মকর্তা IPSAS সার্টিফিকেট প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেছেন যার মধ্যে ৬০ জন কর্মকর্তা IPSAS সার্টিফাইড পরীক্ষায় উত্তীর্ন হয়েছেন।

ii) ইতোমধ্যে প্রস্তুতকৃত IPSAS ট্রেনিং ম্যাটেরিয়াল এর মাধ্যমে ২ টি ব্যাচে মোট ৫০ জন কর্মকর্তাকে IPSAS ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সর্বশেষে সিজিএ মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

M. Kabir 25/12/23

(মোহাম্মদ কবির হোসেন, সিপিএফএ)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)
ফোনঃ ৯৩৬০৮৫৯
ইমেইল: addlcgaacc@cga.gov.bd

বিতরণ ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন), সিজিএ কার্যালয়।
২। পিইসি, পেনশন ম্যানেজমেন্ট এবং ফিন্যান্সসিয়াল রিপোর্টিং, SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয় ।
৩। জনাব তানভির আক্তার হোসেন খান, সিনিয়র কনসালটেন্ট, SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয় ।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট।
৫। জনাব জাহাঙ্গীর আলম রানা, সিনিয়র আইটি কনসালটেন্ট (পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট), SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয়।
৬। জনাব হাসান নাজমুল কবির, কনসালটেন্ট, SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয় ।
৭। জনাব নাহিদ সুলতানা, কনসালটেন্ট, SPFMS কর্মসূচি, অর্থ মন্ত্রণালয় ।
৮। জনাব মোঃ নাজমুল হাসান, ডেপুটি সিজিডিএফ (প্রশাসন), কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়।
৯। জনাব মু: আরিফুল ইসলাম খান, উপপরিচালক (অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ৬/আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
১০। জনাব মোসা: ইফফাত আরা খাতুন , নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, সিজিএ কার্যালয়।

নং-০৭.০৩.০০০০.০০৩.০১.০০১.২০২৩- ৪২৭ তারিখঃ /১২/২০২৩ খ্রিঃ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: ডিসিএজি (এএন্ডআর)]।
২। জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS কর্মসূচি, ইঞ্জিনিয়ারিং ইন্সস্টিটিউশন আইইবি (রমনা), ঢাকা-১০০০ ।
৩। পি এস টু সিজিএ ।
৪। অফিস কপি।

২৭/১২/২০২৩

(মুহাম্মদ আলমগীর হোসেন)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব-১)
ফোনঃ ৪৯৩৪৯৮৪৪
ইমেইল:dcgaacc@cga.gov.bd